# ২২তম সভার কার্য বিবরণী

সীড প্রমোশন কমিটির ২২তম সভা গত ১২/৯/২০০২ ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকায় কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয় সভাপতিত্ব করেন। সভার কার্যপত্র অনুযায়ী ২০০২-২০০৩ উৎপাদন মৌসুমের বোরো ও গম বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ, মরিনি ও মভিয়াল জাতের বীজআলু আমদানি ও পরিবর্ধন, ২০০২-০৩ রবি মৌসুমের জন্য বোরো, গম ও বীজআলুর চাহিদা নিরূপন ও আমদানির বিষয়ে পরামর্শ/সুপারিশ প্রণয়ন এবং ২০০২-০৩ মৌসুমের জন্য ৮,০০০ মেঃ টনের অতিরিক্ত আরও ২০০০ মেঃ টন বীজআলু আমদানির ভূতাপেক্ষ অনুমোদন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। । সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

**আলোচ্য সূচী-১ ঃ গত ৫/৫/০২ এবং ১৪/৮/০২ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির সভার কার্য বিবরণী অনুমোদন।**

**সিদ্ধান্ত ঃ**

গত ৫/৫/০২ ইং তারিখে অনুষ্ঠিত একবিংশতিততম এবং ১৪/৮/০২ ইং তারিখে অনুষ্ঠিত বিশেষ সভার কার্য বিবরণী অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচী-২ ঃ ২০০২-০৩ সালের জাতওয়ারী বোরো বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**

**আলোচনা ঃ**

সদস্য সচিব ও মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা সভায় জানান যে, বিএডিসি ২০০০-২০০১ ও ২০০১-২০০২ সালে যথাক্রমে ৭৬১৮ টন ও ১০১৩৬ টন বোরো বীজ বিতরণ করেছে এবং ২০০২-২০০৩ সালে বিতরণের জন্য ৬৮৫২ টন মানঘোষিত বোরো বীজ মজুদ রয়েছে। ২০০৩-২০০৪ সালের বোরো বীজ বিতরণ লক্ষ্যমাত্রার ভিত্তিতে ২০০২-২০০৩ সালের বোরো বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। বিএডিসি'র বিভিন্ন বীজ প্রকল্পে ২০০৩-২০০৪ সালের জন্য ৯৫০০ টন মানঘোষিত ও ২৬০ টন ভিত্তি বীজ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ১২,৫৮৭ টন বোরো বীজের চাহিদা দেয়া হয়েছে। বিএডিসি'র বীজ প্রকল্পের বিতরণ লক্ষ্যমাত্রা, কৃষি সম্প্রসারণ বিভাগের চাহিদা, বিগত বছরসমূহে বীজ বিতরণের গতিধারা এবং বিএডিসি'র নিকট ভিত্তি বোরো বীজের প্রাপ্যতা বিবেচনা করে ২০০২-২০০৩ সালে মোট ১২,৩০০ টন মানঘোষিত ও ৯৬০ টন ভিত্তি বোরো বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা প্রস্তাব করা হয়েছে (পরিশিষ্ট - ক)। তাছাড়া ২০০২-০৩ সালের বীজ উৎপাদন কর্মসূচীতে ৫০ টন ব্রি-হাইব্রিড ধান-১ অন্তর্ভুক্ত করা হয়েছে। বর্ণিত ব্রি-হাইব্রিড ধান-১ এর বীজ উৎপাদন কর্মসূচী গ্রহণের ব্যাপারে ইতিপূর্বে অনুষ্ঠিত সভায় ডিএই ও বিআরআরআই এর সঙ্গে আলোচনা হয়েছে।

উলি- খিত বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন এবং বিগত বছরের বিক্রয় গতিধারা ও কৃষি সম্প্রসারণ বিভাগ প্রদত্ত চাহিদার সাথে বিএডিসি'র প্রস্তাবিত উৎপাদন লক্ষ্যমাত্রার সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হওয়ায় উহা গ্রহণের পক্ষে ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ঃ**

১. ২০০২-০৩ উৎপাদন মৌসুমে বিএডিসি ৫০ মেঃ টন ব্রি-হাইব্রিড-১ সহ বিভিন্ন জাতের ১২,৩০০ মেঃ টন মানঘোষিত বোরো বীজ ও ৯৬০ মেঃ টন ভিত্তি বীজ (পরিশিষ্ট-ক) উৎপাদন করবে (দায়িত্ব ঃ বিএডিসি)।

২. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের উদ্ভাবিত ২০০২-০৩ ও ২০০৩-০৪ সালে যথাক্রমে ৮টি জাতের ২৮০ কেজি ও ২৮০ কেজি মৌল বোরো বীজ (পরিশিষ্ট-ক) উৎপাদন পূর্বক বিএডিসি'কে সরবরাহ করবে (দায়িত্ব ঃ বিআরআরআই)।

৩. বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা প্রতিষ্ঠানের উদ্ভাবিত ২০০২-০৩ ও ২০০৩-০৪ উভয় সালেই ৩টি জাতের ৬০ কেজি করে মৌল বোরো বীজ বিএডিসি'কে সরবরাহ করবে (দায়িত্ব ঃ বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা প্রতিষ্ঠান)।

**আলোচ্য সূচী-৩ ঃ ২০০২-২০০৩ সালের জন্য গম বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**

**সিদ্ধান্ত ঃ**

১. ২০০২-০৩ উৎপাদন মৌসুমে বিএডিসি ৪টি জাতের ১৭,৩০০ মেঃ টন মানঘোষিত গম বীজ এবং ৫টি জাতের ৩০০০ মেঃ টন ভিত্তি বীজ (পরিশিষ্ট-খ) উৎপাদন করবে (দায়িত্ব ঃ বিএডিসি)।

২. বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ২০০২-০৩ ও ২০০৩-০৪ সালে প্রতিবছর ৫টি জাতের ৯০০০ কেজি করে মৌল গমবীজ (পরিশিষ্ট-খ) বিএডিসি'কে সরবরাহ করবে (দায়িত্ব ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট)।

৩. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও কৃষি তথ্য সার্ভিস নতুন জাত জনপ্রিয়করণের পদক্ষেপ গ্রহণ করবে (দায়িত্ব ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও কৃষি তথ্য সার্ভিস)।

আলোচ্য সূচী-৪ ঃ **২০০২-২০০৩ উৎপাদন মৌসুমে বীজের আপৎকালীন মজুদ প্রকল্পের আওতাধীন মানঘোষিত গম বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**

আলোচনা ঃ

সভায় জানানো হয় যে, ২০০১-২০০২ উৎপাদন মৌসুমে বীজের আপৎকালীন মজুদ প্রকল্পের পিপি অনুযায়ী গম বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা ১১০০ টন নির্ধারিত ছিল। কিন্তু প্রাকৃতিক দুর্যোগ অর্থাৎ বীজ কর্তনের পূর্বে দমকা হাওয়া ও অধিক বৃষ্টিপাতে দন্ডায়মান ফসল ও বীজমান ক্ষতিগ্রস্ত হওয়ায় লক্ষ্যমাত্রার চেয়ে ১০০ টন গমবীজ কম সংগৃহীত হয়েছে। বিধায় ২০০২-০৩ উৎপাদন মৌসুমের জন্য প্রকল্পের পিপি'র লক্ষ্যমাত্রা ১১০০ টনের সাথে পূর্ববর্তী সনের ঘাটতি ১০০ টনসহ মোট ১২০০ টন মানঘোষিত গম বীজ (কাঞ্চন ১১৫০ টন ও প্রতিভা ৫০ টন) উৎপাদন ও সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা প্রয়োজন। এ বিষয়ে আলোচনাক্রমে আপৎকালীন কর্মসূচীর গুরুত্ব বিবেচনা করে সবাই প্রস্তাবিত কর্মসূচী গ্রহণের পক্ষে সম্মতি জ্ঞাপন করেন।

সিদ্ধান্ত ঃ

২০০২-০৩ সালে বীজের আপৎকালীন মজুদ প্রকল্পের মাধ্যমে ১১৫০ টন কাঞ্চন ও ৫০ টন প্রতিভা মোট ১২০০ টন গম বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো (দায়িত্ব ঃ বিএডিসি)।

**আলোচ্য সূচী-৫ ঃ বিএডিসি কর্তৃক মরিনি ও মন্ডিয়াল জাতের বীজআলু আমদানি ও পরিবর্ধন প্রসঙ্গে**

সিদ্ধান্ত ঃ

বিএডিসি কেবলমাত্র ক্ষতিপূরণ হিসেবে সরবরাহতব্য ২৮ মেঃ টন মরিনি ও মন্ডিয়াল জাতের বীজআলু গ্রহণপূর্বক নিজস্ব খামারে উৎপাদন কর্মসূচী বাস্তবায়ন করতে পারে। তবে সরবরাহ গ্রহণকালে বিশেষ সতর্কতা অবলম্বন পূর্বক রোগমুক্ত ও ব্ল্যাক সয়েল এলাকায় উৎপাদিত হয়নি মর্মে নিশ্চিত হতে হবে।

আলোচ্য সূচী-৬ ঃ ২০০২-০৩ রবি মৌসুমের জন্য বোরো, গম ও আলু বীজের চাহিদা নিরূপণ ও আমদানির বিষয়ে পরামর্শ / সুপারিশ প্রণয়ন।

সিদ্ধান্ত ঃ

১. বন্যা ও জলাবদ্ধতাজনিত ক্ষয়ক্ষতি ও বীজের মজুদ পরিস্থিতি বিবেচনা করে ২০০২-০৩ মৌসুমের জন্য কেবলমাত্র ৪,০০০ মেঃ টন গম বীজ সরকারীভাবে আমদানির পক্ষে সুপারিশ করা হয়। তবে বেসরকারী প্রতিষ্ঠান আগ্রহী হলে তাদের ৫০০ মেঃ টন গমবীজ আমদানির অনুমতি পত্র দেয়া যেতে পারে।

২. বেসরকারী বীজ উদ্যোক্তাদেরকে ৫০ মে.টন মানঘোষিত বীজআলু বীজ উৎপাদনের জন্য দেয়া হবে।

আলোচ্য সূচী-৭ ঃ **২০০২-০৩ মৌসুমের জন্য ৮,০০০ মেঃ টনের অতিরিক্ত আরও ২০০০ মেঃ টন বীজআলু আমদানির ভূতাপেক্ষ অনুমোদন প্রসঙ্গে।**

সিদ্ধান্ত ঃ

২০০২-০৩ মৌসুমের আমদানি চাহিদা মেটানোর জন্য ৮,০০০ মেঃ টনের অতিরিক্ত আরও ২,০০০ মেঃ টন বীজআলু আমদানির ভূতাপেক্ষ অনুমোদন দেয়া হলো।

প[illegible]ট-ক

# ২০০২-২০০৩ উৎপাদন মৌসুমের বোরো বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণী সভার কার্যপত্র

| বিতরণ লক্ষ্যমাত্রা - ২০০৩-০৪ (টন) (অক্টোঃ-নভেঃ'২০০৩) | প্রকৃত বিতরণ (টন) | | | |
|---|---|---|---|---|
| | জাত | ২০০০-২০০১ | ২০০১ ২০০২ | ২০০২-০৩ (অক্টো-নভে) প্রাপ্যতা |
| ক) পিপি অনুযায়ী ঃ | বিআর-৩ | ১২২ | ১৩৫ | ৫৮ |
| ভিত্তি - ২৬০ | বিআর-১৪ | ৩১৭ | ৪৪৮ | ২৯৫ |
| মানঘোষিত- ৯৫০০ | বিআর-১৬ | ১৩৫ | ১৩৩ | ১৯০ |
| মোট - ৯৭৬০ | বিআর-২৬ | ৬৫৯ | ৪৮৭ | ৩ |
| | ব্রিধান-২৮ | ৩০৭৫ | ৪১০৪ | ৩০৭৪ |
| | ব্রিধান-২৯ | ২৪৩০ | ৪০৮৮ | ৩০৮১ |
| | ব্রিধান-৩২ | - | - | - |
| | ব্রিধান-৩৬ | ২৬৩ | ২২৫ | ৭০ |
| | ইরাটম-২৪ | - | ১৭ | ৭ |
| | বিএডিসি ধান-১ (সুবিদ) | ৪০৮ | ৪২৯ | - |
| | বিনাধান-৫ | - | ১৭ | ১৯ |
| | বিনাধান-৬ | ৩৬ | ৫৩ | ৫৪ |
| | ভারতীয়-৮৭৮৬ (আমদানী) | ১৭৩ | - | - |
| | মোট বিতরণ ঃ | ৭৬১৮ | ১০১৩৬ | ৬৮৫১ |
| | বীজ সরবরাহ ঃ | ৭৭২৬ | ১০২২০ | |

| কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা (টন) | | |
|---|---|---|
| জাত | ২০০২-২০০৩ | ২০০৩-২০০৪ |
| বিআর-২/৩ | ২৪২১ | ১৩৭৪ |
| বিআর-৮/৯ | ৩৫১ | ১৩ |
| বিআর-১৪ | ১৫৯৩ | ১১০৬ |
| বিআর-১৬ | ১২২৪ | ৪৩৯ |
| বিআর-২৬ | - | ৬৭ |
| ব্রিধান-২৮ | ৪৪৩১ | ৩৪৮৪ |
| ব্রিধান-২৯ | ৫১৬৩ | ৫৩৪৭ |
| ব্রিধান-৩৫ | - | ১৬৬ |
| ব্রিধান-৩৬ | ২৫২ | ৪৪৩ |
| ইরাটম-২৪ | - | ২৮ |
| বিনা-৫ | ২৩৯ | ৪৭ |
| বিনা-৬ | - | ৫১ |
| সুবিদ | - | ২২ |
| মোট ঃ | ১২৫৮৭ | ১২৫৮৭ |

| উৎপাদন লক্ষ্যমাত্রা - ২০০৩-০৪ (টন) (নভেম্বর '২০০৩) | | | |
|---|---|---|---|
| জাত | ভিত্তি | | মান-ঘোষিত |
| | স্টেজ-১ | স্টেজ-২ | |
| বিআর-৩ | ১.০ | ৩৫ | ১০০ |
| বিআর-১৪ | ২.০ | ৪৮ | ৮৫০ |
| বিআর-১৬ | ১.০ | ২০ | ৬৩০ |
| বিআর-২৬ | ১.০ | - | ১৬০ |
| ব্রিধান-২৮ | ৮.৫ | ৪০০ | ৫৬৪০ |
| ব্রিধান-২৯ | ৮.৫ | ৪০০ | ৪৭৫০ |
| ব্রিধান-৩৫ | ১.০ | ৫ | ৫ |
| ব্রিধান-৩৬ | ৫.০ | ৫ | ৫০ |
| ইরাটম-২৪ | ১.০ | ৩ | ৫ |
| বিনাধান-৫ | ২.৫ | ১০ | ৬০ |
| বিনাধান-৬ | ২.৫ | - | - |
| ব্রি-হাইব্রিড | - | ০ | ৫০ |
| মোট ঃ | ৩৪.০ | ৯২৬ | ১২৩০০ |

| ব্রিডার বীজের চাহিদা/উৎপাদন [illegible] (কেজি) | | |
|---|---|---|
| জাত | চাহিদা ২০০২-০৩ (অক্টো '০২) | উৎপাদন ২০০২-০৩ এবং চাহিদা ২০০৩-০৫ |
| বিআর-৩ | ১০ | ১০ |
| বিআর-১৪ | ২০ | ২০ |
| বিআর-১৬ | ১০ | ১০ |
| বিআর-২৬ | ১০ | ১০ |
| ব্রিধান-২৮ | ৮৫ | ৮০ |
| ব্রিধান-২৯ | ৮৫ | [illegible] |
| ব্রিধান-৩৫ | ১০ | ১০ |
| ব্রিধান-৩৬ | ৫০ | ৫০ |
| ইরাটম-২৪ | ১০ | ১০ |
| বিনাধান-৫ | ২৫ | ২৫ |
| বিনাধান-৬ | ২৫ | ২৫ |
| মোট ঃ | ৩৪০ | ৩৪০ |

## ১। বিগত ২ বৎসরের ব্রিডার বীজের চাহিদা ও সরবরাহ (কেজি)

| জাত | ২০০০-২০০১ | | ২০০১-২০০২ | |
|---|---|---|---|---|
| | চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ |
| বিআর-৩ | ১৫ | ১৫ | ১০ | ১০ |
| বিআর-১৪ | ৩০ | ৩০ | ২০ | ২০ |
| বিআর-১৬ | ১৫ | ১৫ | ১০ | ১০ |
| বিআর-২৬ | ৩০ | ৩০ | - | - |
| ব্রিধান-২৮ | ১১৫ | ১১৫ | ৮৫ | ৮৫ |
| ব্রিধান-২৯ | ১১৫ | ১১৫ | ৮৫ | ৮৫ |
| ব্রিধান-৩৫ | ১০০ | ৫ | ১০ | ১০ |
| ব্রিধান-৩৬ | ১০০ | ১০০ | ৫০ | ৫০ |
| ইরাটম-২৪ | ১০ | ১০ | ২০ | ২০ |
| বিনাধান-৫ | ২৫ | - | ২৫ | ২৫ |
| বিনাধান-৬ | ২৫ | ২৫ | ২৫ | - |
| মোট ঃ | ৫৮০ | ৪৬০ | ৩৪০ | ৩১৫ |

## ৩। ২০০২-০৩ সালের ভিত্তি বীজের প্রাপ্যতা (টন) (অক্টো-নভেঃ'০২)

| জাত | পরিমাণ | |
|---|---|---|
| | স্টেজ-১ | স্টেজ-২ |
| বিআর-৩ | - | ৫.২২৭ |
| বিআর-১৪ | ১.৬৯০ | ৮.৬০০ |
| বিআর-১৬ | ১.০৪০ | ৮.৫৮০ |
| বিআর-২৬ | - | ২৬.০০০ |
| ব্রিধান-২৮ | ৯.৫৫০ | ৩৯৫.৭১৩ |
| ব্রিধান-২৯ | ১৩.৯০৫ | ২৭৭.৯১১ |
| ব্রিধান-৩৫ | ০.৬০০ | - |
| ব্রিধান-৩৬ | ৪.৪৯০ | - |
| ইরাটম-২৪ | ২.৬৬৫ | ৩.২১৩ |
| বিনাধান-৫ | ৩.৫০০ | - |
| বিনাধান-৬ | - | - |
| মোট ঃ | ৩৭.৪৩০ | ৭২৫.২৪৪ |

পরিশিষ্ট - খ

# ২০০২-২০০৩ উৎপাদন মৌসুমের গম বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণী সভার কার্য বিবরণী

| বিতরণ লক্ষ্যমাত্রা - ২০০৩-২০০৪ (টন) (অক্টোঃ-নভেম্বর '০৩) | প্রকৃত বিতরণ (টন) | | | | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা (টন) | | | উৎপাদন লক্ষ্যমাত্রা - ২০০২-২০০৩ (টন) (নভেম্বর-২০০২) | | | | ব্রিডার বীজের চাহিদা/উৎপাদন কর্মসূচী (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০০-২০০১ | ২০০১-২০০২ | ২০০২-২০০৩ (অক্টো-নভে) প্রাপ্যতা | জাত | ২০০২-০৩ | ২০০৩-২০০৪ | জাত | ভিত্তি স্টেজ-১ | ভিত্তি স্টেজ-২ | মান ঘোষিত | জাত | চাহিদা ২০০২-০৩ (অক্টো'০২) | উৎপাদন ২০০২-০৩ এবং চাহিদা ২০০৩-০৪ |
| ক) পিপি অনুযায়ী ঃ | কাঞ্চন | ১৩৭৭১ | ১৩৯৫১ | ১২৬৮৫ | কাঞ্চন | ১১৪৮৫ | ৯৬৪২ | কাঞ্চন | ৬ | ১৭০০ | ১৪৪০০ | কাঞ্চন | ৫০০ | ৫০০ |
| ভিত্তি - ১৯৫০ | আকবর | ৯৪ | ১৪ | ২৩ | বরকত | ৩৩৩ | ৮৯ | আকবর | - | - | - | আকবর | - | - |
| মানঘোষিত - ১৯৫০০ | অগ্রাণী | - | ৮ | ৩ | সোনালিকা | ৩৮৭ | ২৭৩ | অগ্রাণী | - | - | - | অগ্রাণী | - | - |
| মোট - ২১৪৫০ | প্রতিভা | ২৯১ | ১৩৬ | ১৩১ | আকবর | ৪৯২ | ১৮৬ | প্রতিভা | ৩৪ | ৪০০ | ১২০০ | প্রতিভা | ১৫০০ | ১৫০০ |
| | ইউপি-২৭২ (আ) | ৪৯৬ | - | - | অগ্রাণী | ১৮৩ | ৯০ | বারিগম-১৯ (সৌরভ) | ২৩ | ৩৭৮ | ৭০০ | বারিগম-১৯ (সৌরভ) | ২০০০ | ২০০০ |
| | ইনকিলাব (আ) | - | - | - | প্রতিভা | ১০৯৩ | ৮১৩ | বারিগম-২০ (গৌরব) | ২০ | ৪০২ | ১০০০ | বারিগম-২০ (গৌরব) | ২০০০ | ২০০০ |
| | অনুদান (আ) | ১৯৬২ | - | - | সৌরভ | ৫৯৮ | ৬২৭ | বিএডবি□উ-৯২৩ (বিজয়) | - | - | - | বিএডবি□উ-৯২৩ (বিজয়) | - | - |
| | সৌরভ | - | ২৩ | ৩৪ | গৌরব | ৫৪৮ | ৬৪৮ | বিএডবি□উ-৯৩৬ (শতাব্দী) | - | ২০ | - | বিএডবি□উ-৯৩৬(শতাব্দী) | ৩০০০ | ৩০০০ |
| | গৌরব | ৯ | ৮৭ | ৩৪ | | | | | | | | | | |
| | মোট বিতরণ ঃ | ১৬৬২৩ | ১৪২১৯ | | মোট ঃ | ১৫২১৯ | ১২৩৬৮ | | ১০০ | ২৯০০ | ১৭৩০০ | মোট ঃ | ৯০০০ | ৯০০০ |
| | বীজ সরবরাহ ঃ | ১৬৬২৩ | ১৮৮১২ | ১২৯৪০ | | | | | | | | | | |

১। বিগত ২ বৎসরের ব্রিডার বীজের চাহিদা ও সরবরাহ (কেজি)

| জাত | ২০০০-২০০১ | | ২০০১-২০০২ | |
|---|---|---|---|---|
| | চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ |
| কাঞ্চন | ২৫০০ | - | ২১৩০ | ৮৮০ |
| অগ্রাণী | ১০০ | - | ৯০ | - |
| আকবর | ২০০ | ৩৪০ | ১৮০ | - |
| প্রতিভা | ১২০০ | - | ১০২০ | ১২০০ |
| বারিগম-১৯ সৌরভ) | ১০০০ | - | ৮৪০ | ৩২৮০ |
| বারিগম-২০ (গৌরব) | ১০০০ | ২১২০ | ৮৪০ | ২৪০০ |
| শতাব্দী | ২০০ | ২০ | ৩৬০ | ৯২০ |
| বিজয় | ২০০ | - | - | - |
| মোট ঃ | ৬৪০০ | ২৪৭০ | ৫৪৬০ | ৮৬৮০ |

২। ২০০২-০৩ সালের ভিত্তি ও প্রত্যায়িত বীজের প্রাপ্যতা (টন) (অক্টো-নভেঃ '২০০২)

| জাত | পরিমাণ | |
|---|---|---|
| | স্টেজ-১ | স্টেজ-২ |
| কাঞ্চন | ১০.৪০০ | ৮৩০ |
| অগ্রাণী | - | ৬ |
| প্রতিভা | ৮.৩৬৫ | ১০৭ |
| আকবর | - | ৪ |
| বারিগম-১৯ (সৌরভ) | ৩.১০০ | ১৪ |
| বারিগম-২০ (গৌরব) | ৪.৪৬৫ | ৪৩ |
| শতাব্দী | ২.১৬০ | - |
| | | |
| মোট ঃ | ২৮.৪৯৫ | ১০০৪ |